গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.৩১০.১৭-০৭

তারিখঃ ০৪ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ

**পিইসি সভার বিজ্ঞপ্তি**

বিষয়ঃ "রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রস্তাবিত "রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)'র সভা আগামী **২৫/০১/২০১৮** তারিখ **বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায়** পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং ৮৪ তারিখ ১৫/১/১৮
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ডাটাএন্ট্রি অপারেটর

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ তারিফুল বারী)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ tariful2004@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাজেকো), ইউটিসি বিল্ডিং (লেভেল -৩য়-৪র্থ), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

**অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
**(২৫ জন কর্মকর্তার আপ্যায়নের ব্যবস্থা করার অনুরোধসহ)।**
২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, পরিকল্পনা কমিশন চত্বর পুলিশ ক্যাম্প, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
**(তাঁকে সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দের কমিশন চত্বরে প্রবেশের সহযোগীতার অনুরোধসহ)।**
৯। অফিস কপি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
পরিকল্পনা কমিশন
**শিল্প ও শক্তি বিভাগ**
**বিদ্যুৎ উইং**

**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।**

১। **প্রকল্পের নামঃ** রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প

(Rupsha 800 MW Combined Cycle Power Plant Project)।

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাঃ**

(ক) বিভাগ/মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাজেকো)।

৩। **প্রকল্পের বাস্তবায়নকালঃ** জানুয়ারী, ২০১৮ থেকে জুন, ২০২২ পর্যন্ত।

৪। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ** (কোটি টাকায়)

| জিওবি | সংস্থার নিজস্ব | প্রকল্প ঋণ | মোট |
|---|---|---|---|
| ২,৫২৮.৬৪ | ৫০.০০ | ৬,২৩৭.৬৮ | ৮,৮১৬.৩৩ |

৫। **প্রকল্পের অর্থায়নঃ** (কোটি টাকায়)

| অর্থায়নের প্রকৃতি | জিওবি | সংস্থার নিজস্ব | প্রকল্প ঋণ | মোট | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (ক) ঋণ | ১,০১১.৪৫ | ০.০০ | ৬,২২৫.৫৩ | **৭,২৩৬.৯৯** | এশিয়ান ডেভেলপম্যান্ট ব্যাংক ও ইসলামিক ডেভেলপম্যান্ট ব্যাংক |
| (খ) অনুদান | ০.০০ | ০.০০ | ১,২১৫.০০ | **১,২১৫.০০** | |
| (গ) ইক্যুইটি | ১,৫১৭.১৮ | ৫০.০০ | ০.০০ | **১,৫৬৭.১৮** | |
| (ঘ) অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | **০.০০** | |
| **মোটঃ** | **২,৫২৮.৬৪** | **৫০.০০** | **৬,২৩৭.৬৮** | **৮,৮১৬.৩৩** | |

৬। **প্রকল্প এলাকাঃ**

| বিভাগ | জেলা | এলাকা |
|---|---|---|
| খুলনা | খুলনা | খালিশপুর |

৭। **বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অবস্থান ও বরাদ্দঃ** প্রস্তাবিত প্রকল্পটি ২০১৭-১৮ এর এডিপি'তে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে (এডিপি পৃষ্ঠাঃ ৭৮৮, ক্রমিক নং-১৪০)।

৮। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো-

- লোড শেডিং হ্রাসকরণের মাধ্যমে দেশে বিদ্যুৎ চাহিদা পূরণে সহায়ক ভূমিকা পালন করা;
- ২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ, সরকারের রূপকল্প বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করা;
- ক্রমবর্ধমান চাহিদা ও সরবরাহের ঘাটতি কমাতে সহায়তা করা;
- পর্যাপ্ত এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করা;
- স্থানীয়ভাবে উৎপাদিত বিদ্যুতের মাধ্যমে সিস্টেম লস কমানো এবং জাতীয় গ্রীড ব্যবস্থার স্থায়ীত্ব ও বিশ্বস্ততা বৃদ্ধি করা;
- প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা।

৯। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- সকল অক্সিলিয়ারিজসহ গ্যাস টারবাইন জেনারেটিং সেট;
- সকল অক্সিলিয়ারিজসহ স্টীম টারবাইন জেনারেটিং সেট;
- হিট রিকভারী স্টীম জেনারেটিং সেট;
- ব্যালেন্স অব প্লান্ট (বিওপি);
- পাওয়ার ট্রান্সফরমার (১৬/২৩০ কেভি, ৪০০ এমভিএ; ১১/২৩০ কেভি, ২০০এমভিএ);
- ডিস্ট্রিবিউটেড কন্ট্রোল সিস্টেম (ডিসিএস);
- ২৩০ কেভি (২৯ কিঃমিঃ) বৈদ্যুতিক সঞ্চালন লাইন;
- বৈদ্যুতিক সরঞ্জামাদি;
- ভূমি ক্রয় ও উন্নয়ন;
- পূর্ত নির্মাণ কাজ (আবাসিক ও অনাবাসিক);
- গ্যাস ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপন;
- কারিগরী পরামর্শক নিয়োগ।

**১০। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনঃ** প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন **সংযোজনী-'ক'** -তে দ্রষ্টব্য।

**১১। প্রকল্প সংশোধনের কারণঃ** প্রযোজ্য নয়।

**১২। পরিকল্পনা কমিশনের বিশ্লেষণঃ**

**ক) প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ**

২০৩০ সালের মধ্যে বার্ষিক ৮% প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে দেশের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণ অত্যাবশ্যক। সেই লক্ষ্যে দেশের সর্বস্তরের বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সরকার স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। সরকারের উক্ত পরিকল্পনার সাথে সঙ্গতি রেখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোং লিঃ (NWPGCL) কর্তৃক খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লিঃ এর পরিত্যক্ত ৫০ একর জমিতে " রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র " প্রকল্প নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রটিতে প্রাথমিক জ্বালানি হিসাবে Natural Gas এবং বিকল্প জ্বালানি হিসাবে HSD ব্যবহার করা হবে। উক্ত প্রেক্ষিতে, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (ADB) এবং ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (IsDB) এর যৌথ অর্থায়নে ৮,৮১৬.৩৩ কোটি টাকা (জিওবি ২,৫২৮.৬৪ কোটি টাকা, প্রকল্প সাহায্য ৬,২৩৭.৬৮ কোটি টাকা ও নিজস্ব তহবিল ৫০.০০ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে।

**(খ) ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যের সাথে প্রকল্পের সংগতিপূর্ণতাঃ** ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নের উপর গুরুত্বারোপ করা হয়েছে। বিদ্যুতের ব্যবহারকে দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রধান মানদন্ড হিসেবে গন্য করা হয়ে থাকে। ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২০২১ সালের মধ্যে ২৪০০০ মেঃওঃ ও ২০৩০ সালের মধ্যে ৪০০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আলোচ্য প্রকল্পটি উল্লিখিত লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা রাখবে বিধায় প্রকল্পটি ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ।

**(গ) মতামতঃ**

i. ডিপিপি'র সাথে পেট্রোবাংলা থেকে প্রাপ্ত গ্যাস সরবরাহের নিশ্চয়তাপত্র সংযুক্ত করা হয়েছে (ডিপিপি পৃঃ ১৩৭)। পত্রে Floating Storage Regasification Unit (FSRU) হতে রিগ্যাসিফাইড এলএনজি সরবরাহের কথা উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য, দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে পটুয়াখালী ও মংলা বন্দর সংলগ্ন এলাকায় FSRU নির্মাণের বিষয়টি এখনও সম্ভাব্য ও বিবেচনাধীন পর্যায়ে রয়েছে। সেক্ষেত্রে উক্ত স্থাপিতব্য পাওয়ার প্ল্যান্টকে কোন উৎস হতে প্রাথমিক জ্বালানী (রিগ্যাসিফাইড এলএনজি) সরবরাহ করবে সে বিষয়ে নিশ্চয়তা পাওয়া যাচ্ছেনা। তাছাড়া সুন্দরবন গ্যাস জ্বালানী লিঃ কর্তৃক কোন পাইপলাইন নির্মাণ প্রকল্প

কিংবা এতদ্‌সংক্রান্ত কার্যক্রম চালু রয়েছে বলেও জানা নাই। সেক্ষেত্রে প্রাথমিক জ্বালানী সরবরাহের বিষয়ে অনিশ্চয়তা থেকেই যায়। উক্ত বিষয় সম্পর্কে সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করতে পারেন।

ii. ইঞ্জিনিয়ারিং, ডিজাইন, প্রকিউরমেন্ট, সাপ্লাই, ইন্সটলেশন, টেস্টিং এন্ড কমিশনিং অব গ্যাস ডিস্ট্রিবিউশন পাইপলাইন বাবদ ৪০.৫০ কোটি টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। উক্ত বিতরণ লাইন নির্মাণের ব্যয় প্রাক্কলনে পেট্রোবাংলার মতামত নেওয়া হয়েছে কিনা সে বিষয়ে সংস্থা প্রতিনিধি সভাকে অবহিত করতে পারেন।

iii. গ্যাস ডিস্ট্রিবিউশন পাইপ লাইনের জন্য কনসাল্টেন্সী ফি বাবদ ১১.০০ কোটি টাকা ও কনসাল্টেন্সী সার্ভিসেস ফর সেফগার্ড সার্ভিস বাবদ ২.৪৩ কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। এছাড়া, SD-1 প্যাকেজে Project Management and Construction Supervision Consultant প্যাকেজের মূল্য ১০৩.৪২৮১ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। এর জন্য ৩৫১ জনমাস International ও ৩৩৩ জনমাস National Consultancy ধরা হয়েছে। টার্নকী ঠিকাদার কর্তৃক প্রকল্পের মূল কাজ সম্পাদন হবে। এ কাজ তদারকির জন্য ৫৮জন জনবল বিশিষ্ট Project Management Setup থাকা সত্ত্বেও এত ব্যাপক জনমাস ও ব্যয়ে Consultant রাখা গ্রহণযোগ্য নয়। এটি যৌক্তিকভাবে হ্রাস করা যেতে পারে।

iv. সাপ্লাই অব ইক্যুইপমেন্ট এন্ড ইমপ্লিমেন্টশন অব এন্টারপ্রাইজ রিসোর্স প্লানিং (ইআরপি) বাবদ ৫৪.২৭ কোটি এবং কনসালটেন্সি সার্ভিসেস ফর ইআরপি বাবদ ৪.০৫ কোটি টাকা রাখা হয়েছে। এ ব্যয় অত্যাধিক মর্মে প্রতীয়মান হয়। এটি যৌক্তিক পর্যায়ে হ্রাস করা যেতে পারে।

v. ডিপিপি পৃঃ ৬৩ ও ৬৪ এ Estimated cost of civil works (Resedential) এবং Estimated cost of civil works (Non- Resedential) এর ক্ষেত্রে বিভিন্ন পূর্ত কাজের পরিমাণ/আয়তন Rationalization করা যায় কিনা তা বিবেচনা করা যেতে পারে। তাছাড়া, পূর্ত কাজের দর কোন Rate Schedule অনুযায়ী প্রাক্কলন করা হয়েছে তা সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করতে পারেন।

vi. প্রাথমিক কমিশনিং এর জ্বালানী খরচ বাবদ ২৩৮.৩২ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। এ ব্যয় কিসের ভিত্তিতে প্রাক্কলন করা হয়েছে সে বিষয়ে সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করতে পারে। সম্ভব হলে এ ব্যয় হ্রাস করা যায় কি না তা বিবেচনা করা যেতে পারে।

vii. ভূমি উন্নয়ন ব্যয় কোন Rate Schedule এর ভিত্তিতে এবং প্রতি একক কি হারে প্রাক্কলন করা হয়েছে তা জানা প্রয়োজন। এক্ষেত্রে পরিমাণ ও ব্যয় হ্রাস করা যায় কিনা তা বিবেচনা করা যেতে পারে।

viii. ক্রয় পরিকল্পনায় GD-2 Package এর মূল্য ২.৮১৪৯ কোটি টাকা হওয়া সত্ত্বেও এটিকে RFQ এর পদ্ধতি উল্লেখ করা হয়েছে। PPR-২০০৮ অনুযায়ী এক বছরে উন্নয়ন খাতে Works খাতে একটি প্যাকেজে অনধিক ১০ লক্ষ টাকার RFQ করা যেতে পারে। কিন্তু উক্ত প্যাকেজের মূল্য এ ক্রয়সীমা অতিক্রম করে। তাই উক্ত প্যাকেজে RFQ এর পরিবর্তে OTM পদ্ধতিতে ক্রয় দেখিয়ে তা ডিপিপি'তে উল্লেখ করা যেতে পারে।

ix. ডিপিপি অনুচ্ছেদ ৯ এ Trust Fund for School and Consultancy Services to train local community for skill development খাতে JFPR (Japan Fund for Poverty Reduction) অনুদান বাবদ ১২.১৫ কোটি টাকা উল্লেখ করা হয়েছে। কিন্তু ডিপিপি অনুচ্ছেদ ৬.১ এ Mode of Financing এ অনুদান বাবদ ১২.১৫ কোটি টাকা উল্লেখ করা হলেও PA Source হিসেবে JFPR এর উল্লেখ না করে শুধুমাত্র ADB ও IsDB উল্লেখ করা হয়েছে। বিষয়টি সংশোধন করা প্রয়োজন।

x. সাধারণতঃ ব্যাংক চার্জ এলসি ওপেনার ও ব্যাংকের সম্পর্কের উপর নির্ভর করে। তাছাড়া এলসির অর্থের পরিমাণ বৃদ্ধির সাথে সাথে ব্যাংক চার্জের হার কমতে থাকে। তাই ব্যাংক চার্জ খাতে ৩২.০২ কোটি টাকার প্রস্তাব অত্যাধিক মর্মে মনে হয়। এটি যৌক্তিক পর্যায়ে হ্রাস করা যেতে পারে।

xi. আলোচ্য প্রকল্পে ৩টি ভিন্ন প্যাকেজে এনভারনমেন্টাল ম্যানেজমেন্ট প্ল্যান বাবদ ২০.৭৭ কোটি টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। উক্ত ব্যয় বেশি মর্মে প্রতীয়মান হয়। এটি যৌক্তিকভাবে হ্রাস করা যেতে পারে।

xii. প্রাক-জাহাজীকরণ পরিদর্শন ব্যয় হিসেবে ২.০২ কোটি টাকা প্রাক্কলন করা হলেও উক্ত ব্যয় কিসের ভিত্তিতে প্রাক্কলন করা হয়েছে তার উল্লেখ ডিপিপিতে নেই। উক্ত বিষয়টি সভাকে অবহিত করা যেতে পারে।

xiii. পুনর্বাসন ব্যয় বাবদ ৬২.৩ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে (ডিপিপি পৃঃ ১৯)। কিন্তু Feasibility Study রিপোর্টে (ডিপিপি পৃঃ ৯১) উল্লেখ করা হয়েছে যে প্রকল্পের রিসেটেলমেন্ট খুলনা নিউজপ্রিন্ট কর্তৃক সম্পাদিত হবে। সেক্ষেত্রে পুনর্বাসন বাবদ এ ব্যয় বরাদ্দ প্রকল্প হতে বাদ দেয়া যায় কি না তা বিবেচনা করা যেতে পারে। আর একান্তই এ বাবদ ব্যয় বরাদ্দ রাখা প্রয়োজনীয় মনে হলে এ ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস করা প্রয়োজন।

xiv. প্রাইস কন্টিনজেন্সী (৬%) অধিক মর্মে প্রতীয়মান হয়। এটি যৌক্তিক পর্যায়ে হ্রাস করা যেতে পারে।

xv. বৈদেশিক প্রশিক্ষণের জন্য মোট ১২০ জন জনবল তন্মধ্যে কোম্পানির সংশ্লিষ্ট জনবলের জন্য ১১৪ জন, বিদ্যুৎ বিভাগের জন্য ২ জন, পরিকল্পনা কমিশন, আইএমইডি, ইআরডি ও বিপিডিবি এর জন্য একজন করে প্রস্তাব করা হয়েছে। এ ক্ষেত্রে কোম্পানির জন্য প্রস্তাবিত ১১৪ জন অধিক মর্মে মনে হয়। এটি যৌক্তিক পর্যায়ে হ্রাস করা যেতে পারে।

(কাজী জাহাঙ্গীর আলম)
যুগ্ম-প্রধান
পরিকল্পনা কমিশন

সংযোজনী –ক

প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন (ডিপিপি পৃঃ ৩):

(কোটি টাকায়)

| ক্রমিক নং | আইটেম | পরিমাণ | মোট খরচ | জিওবি (বৈদেশিক মুদ্রা) | প্রকল্প সাহায্য (বৈদেশিক মুদ্রা) | নিজস্ব অর্থায়ন (বৈদেশিক মুদ্রা) | প্রকল্পেরমোট ব্যয়ের শতাংশ(%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক) | রাজস্বঃ | | | | | | |
| ১. | কর্মকর্তাদের বেতন | ৩০ জন | ১২.৪৬ | - | - | ১২.৪৬ | ০.১৪ |
| ২. | কর্মচারীদের বেতন | ২৮ জন | ২.৮২ | - | - | ২.৮২ | ০.০৩ |
| ৩. | ভাতাদি | থোক | ১৪.৩২ | - | - | ১৪.৩২ | ০.১৬ |
| ৪. | সরবরাহ ও সেবা | থোক | ২.৮১ | - | - | ২.৮১ | ০.০৩ |
| ৫. | মেরামত ও রক্ষণাবেক্ষণ | থোক | ০.৭২ | - | - | ০.৭২ | ০.০১ |
| | উপমোট (রাজস্ব) | | ৩৩.১৫ | - | - | ৩৩.১৫ | ০.৩৮ |
| খ) | মূলধনঃ | | | | | | |
| ৬. | যানবাহন | ১৯ টি | ৫.৯৫ | ৫.৯৫ | - | - | ০.০৭ |
| ৭. | গ্যাস টারবাইন জেনারেটিং সেট | ১ লট | ১,০৫২.৭৮ | - | ১,০৫২.৭৮ | - | ১১.৯৪ |
| ৮. | স্টীম টারবাইন জেনারেটিং সেট | ১ লট | ৬৪৭.৭১ | - | ৬৪৭.৭১ | - | ৭.৩৫ |
| ৯. | পাওয়ার ট্রান্সফরমার | ৪ টি | ১৪৭.৭৫ | - | ১৪৭.৭৫ | - | ১.৬৮ |
| ১০. | হিট রিকভারী স্টীম জেনারেটর (এইচআরএসজি) | ১ লট | ৫৫৩.১৫ | - | ৫৫৩.১৫ | - | ৬.২৭ |
| ১১. | কুলিং টাওয়ার ও কুলিং ওয়াটার সিস্টেম | ১ লট | ১৯৩.৬১ | - | ১৯৩.৬১ | - | ২.২০ |
| ১২. | ওয়াটার ট্রিটমেন্ট সিস্টেম | ১ লট | ১৭৬.১৬ | - | ১৭৬.১৬ | - | ২.০০ |
| ১৩. | ফুয়েল ওয়েল সাপ্লাই সিস্টেম | ১ লট | ২৭৬.৫৭ | - | ২৭৬.৫৭ | - | ৩.১৪ |
| ১৪. | ইলেক্ট্রিক্যাল ইক্যুইপমেন্ট | ১ লট | ২১৫.৯৪ | - | ২১৫.৯৪ | - | ২.৪৫ |
| ১৫. | ডিস্ট্রিবিউটেড কন্ট্রোল সিস্টেম | ১ লট | ১০৭.৯৭ | - | ১০৭.৯৭ | - | ১.২২ |
| ১৬. | ব্যালেন্স অব প্লান্ট (বিওপি) | ১ লট | ৪৩৭.৫৭ | - | ৪৩৭.৫৭ | - | ৪.৯৬ |
| ১৭. | ম্যান্ডেটরি ও এসেনসিয়াল স্পেয়ার পার্টস | ১ লট | ৩৬৩.৬৯ | - | ৩৬৩.৬৯ | - | ৪.১৩ |
| ১৮. | আরএমএস (পাওয়ার প্লান্ট এলাকায়) | ১ লট | ১০০.৩৭ | - | ১০০.৩৭ | - | ১.১৪ |
| ১৯. | ভূমি অধিগ্রহণ/ক্রয় (প্যাকেজ-এ) | থোক | ২৮২.৪০ | ২৮২.৪০ | - | - | ৩.২০ |
| ২০. | ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন ব্যয় (প্যাকেজ-এ) | থোক | ২.৮৭ | ২.৮৭ | - | - | ০.০৩ |
| ২১. | ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন ব্যয় (প্যাকেজ-বি) | থোক | ০.৪৩ | ০.৪৩ | - | - | ০.০০ |
| ২২. | সিসিপিপি অংশের পুনর্বাসন ব্যয় | থোক | ০.৬২ | ০.৬২ | - | - | ০.০১ |
| ২৩. | এনভারমেন্টাল ম্যানেজমেন্ট প্ল্যান (ইএমপি)(প্যাকেজ-এ) | থোক | ১৭.৯৯ | ১৭.৯৯ | - | - | ০.২০ |
| ২৪. | এনভারমেন্টাল ম্যানেজমেন্ট প্ল্যান (ইএমপি) (প্যাকেজ-বি) | থোক | ০.৭১ | ০.৭১ | - | - | ০.০১ |
| ২৫. | এনভারমেন্টাল ম্যানেজমেন্ট প্ল্যান (ইএমপি)(প্যাকেজ-সি) | থোক | ২.০৭ | ২.০৭ | - | - | ০.০২ |
| ২৬. | ভূমি উন্নয়ন | ৫০ একর | ২৯.৩১ | - | ২৯.৩১ | - | ০.৩৩ |

| ক্রমিক নং | আইটেম | পরিমাণ | মোট খরচ | জিওবি (বৈদেশিক মুদ্রা) | প্রকল্প সাহায্য (বৈদেশিক মুদ্রা) | নিজস্ব অর্থায়ন (বৈদেশিক মুদ্রা) | প্রকল্পের মোট ব্যয়ের শতাংশ(%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৭. | পূর্ত কাজ (আবাসিক) | ৭১৫৬ বর্গমিটার | ৩৩.৬২ | ৩৩.৬২ | - | - | ০.৩৮ |
| ২৮. | পূর্ত কাজ (অনাবাসিক) | থোক | ৩০.৮২ | ৩০.৮২ | - | - | ০.৩৫ |
| ২৯. | পূর্ত কাজ (টার্ণ-কী) | ১ লট | ৪০৬.৩৭ | - | ৪০৬.৩৭ | - | ৪.৬১ |
| ৩০. | ইন্সটলেশন, ইরেকশন, টেস্টিং এন্ড কমিশনিং (২৯ কিঃ মিঃ) | ১ লট | ৫০৫.৬০ | - | ৫০৫.৬০ | - | ৫.৭৩ |
| ৩১. | ডাবল-সার্কিট ওভারহেড বৈদ্যুতিক সঞ্চালন লাইন | ১ লট | ১৮৭.৯২ | - | ১৮৭.৯২ | - | ২.১৩ |
| ৩২. | ইঞ্জিনিয়ারিং, ডিজাইন, প্রকিউরমেন্ট, সাপ্লাই, ইন্সটলেশন, টেস্টিং এন্ড কমিশনিং অব গ্যাস ডিস্ট্রিবিউশন পাইপলাইন (খুলনা সিজিএস টু পাওয়ার প্লান্ট) | ১২ কিঃমিঃ | ৪০.৫০ | - | ৪০.৫০ | - | ০.৪৬ |
| ৩৩. | কাস্টম ডিউটি, ট্যাক্স ও ভ্যাট | থোক | ৪৪২.৮৭ | ৪৩৭.২৩ | - | ৫.৬৪ | ৫.০২ |
| ৩৪. | প্রশিক্ষণ ব্যয় | থোক | ২৮.০৭ | - | ২৮.০৭ | - | ০.৩২ |
| ৩৫. | সিমুলেটর ও ট্রেনিং সেন্টার | থোক | ৪০.৫০ | - | ৪০.৫০ | - | ০.৪৬ |
| ৩৬. | অপারেশন ও মেইন্টেনেন্স সার্ভিস | থোক | ৮৭.৭০ | - | ৮৭.৭০ | - | ০.৯৯ |
| ৩৭. | গ্যাস ডিস্ট্রিবিউশন পাইপলাইনের জন্য কনসালটেন্সি ফি | থোক | ১১.০০ | ১১.০০ | - | - | ০.১২ |
| ৩৮. | কনসালটেন্সি সার্ভিসেস ফর ইআরপি (পৃঃ ৬০) | থোক | ৪.০৫ | - | ৪.০৫ | - | ০.০৫ |
| ৩৯. | কনসালটেন্সি সার্ভিসেস ফর সেফগার্ড ইস্যু | থোক | ২.৪৩ | - | ২.৪৩ | - | ০.০৩ |
| ৪০. | ট্রাস্ট ফান্ড (জেএফপি হতে অনুদান) | থোক | ১২.১৫ | - | ১২.১৫ | - | ০.১৪ |
| ৪১. | সাপ্লাই অব ইক্যুইপমেন্ট এন্ড ইমপ্লিমেন্টেশন অব এন্টারপ্রাইজরিসোর্স প্লানিং (ইআরপি) | ১ লট | ৫৪.২৭ | - | ৫৪.২৭ | - | ০.৬২ |
| ৪২. | প্রজেক্ট ম্যানেজমেন্ট এন্ড কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্সি ব্যয় | ৬৮৪ জন-মাস | ১০৩.৪২ | - | ১০৩.৪২ | - | ১.১৭ |
| ৪৩. | প্রাথমিক কমিশনিং এর জন্য জ্বালানি খরচ (এইচএসডি ও গ্যাস) | থোক | ২৩৮.৬২ | ২৩৮.৬২ | - | - | ২.৭১ |
| ৪৪. | নির্মাণকালীন বিদ্যুৎ বিল | থোক | ০.১৫ | ০.১৫ | - | - | ০.০০ |
| ৪৫. | প্রাক-জাহাজীকরণ পরিদর্শন ব্যয় | থোক | ২.০২ | ২.০২ | - | - | ০.০২ |
| ৪৬. | ট্যাক্স ও ভ্যাট (ইপিসি কন্ট্রাক্টর) | থোক | ৭৬৯.০০ | ৭৬৯.০০ | - | ৭৫০.০০ | ৮.৭২ |
| ৪৭. | ট্যাক্স ও ভ্যাট (কনসালটেন্ট) | থোক | ২৭.৯২ | ২৭.৯২ | - | - | ০.৩২ |
| ৪৮. | আইডিসি (নির্মাণকালীন সুদ) | থোক | ৪৮০.০০ | ৪৮০.০০ | - | - | ৫.৪৪ |
| ৪৯. | ব্যাংক চার্জ ও অন্যান্য খরচ (আইডিপি) | থোক | ৩২.০২ | ৩২.০২ | - | - | ০.৩৬ |
| | **উপমোট (মূলধন)** | | **৮,১৫৬.৭৮** | **২,৩৬৮.০০** | **৫,৭৭৫.৬৩** | **১৩.১৪** | **৯২.৫২** |
| **গ)** | **ফিজিক্যাল কন্টিনজেন্সিঃ** | | | | | | |
| ৫০. | ফিজিক্যাল কন্টিনজেন্সি | ২% | ১৬৩.৭৯ | - | ১১৫.৫১ | ০.৯২ | ১.৮৬ |
| **ঘ)** | **প্রাইস কন্টিনজেন্সিঃ** | | | | | | |
| ৫১. | প্রাইস কন্টিনজেন্সি | ৬% | ৪৬২.৫৯ | ১১৩.২৮ | ৩৪৬.৫৩ | ২.৭৭ | ৫.২৫ |
| | **সর্বমোট (ক+খ+গ+ঘ) :** | | **৮,৮১৬.৩৩** | **২,৫২৮.৬৪** | **৬,২৩৭.৬৮** | **৫০.০০** | **১০০.০০** |